

# সুবিচারের সুযোগ বৃদ্ধি

## দ্য ইনস্তিতিউতো প্রো বোনো, সাও পাউলু

রচনা - মার্কোস ফাক্স্
সম্পাদনা - লিয়াম মাহোনি

NEW Tactics in Human Rights

দি সেন্টার ফর ভিকটিম অব টরচার কেন্দ্রের
নয়া কৌশল প্রকল্প কর্তৃক প্রকাশিত একটি
কৌশল পত্র সহায়িকা ।

**প্রকাশক**
দি সেন্টার ফর ভিকর্টিমস অফ টর্চার
নিউ ট্যাকটিশ ইন হিউম্যান রাইটস প্রজেক্টস
৭১৭ ইস্ট রিভার রোড
ডমনিয়াপোলিশ, এমএন ৫৫৪১০ ইউএসএ
www.cvt.org,  www.newtactics.org

**নোটবুক সিরিজ সম্পাদক**
ডলয়াম ম্যাথোনি

**লে আউট ও কপি সম্পাদনা**
টিরিসিয়া কর্ণেল

কোঅর্ডিনেডোরা ন্যাসিওন্যাল ডি ডেরেচোস হিউম্যানোস এবং সেন্টার ফর ভিকর্টিমস অফ টর্চার নিম্নলিখিত সংস্থাগুলোর নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করছে, যারা ল্যাটিন আমেরিকায় আঞ্চলিক নিউ ট্যাকর্টিস কর্মশালা সম্পাদনে সহযোগিতা করেছে। যার প্রক্রিয়ায় এইটাসহ আরো কয়েকটি ট্যাকটিক্যাল নোটবুক প্রস্তুত হয়েছেঃ

- দি পল এ্যান্ড ফিলিস ফায়ারম্যান চ্যারিটেবল ফাউন্ডেশন
- দি ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ স্টেট
- দি ইউনাইটেড স্টেটস ইন্সটিটিউট অফ পীস
- ফ্রিডস হাউস
- সেই সব দাতা, যাঁরা নিজেদেও নাম প্রকাশ করতে চান না

আমরা সেই সব অসংখ্য শিক্ষানবীশ ও স্বেচ্ছাসেবীদেও নিকট কৃতজ্ঞ যারা তাঁদেও মেধা ও দক্ষতা দিতে এই প্রকল্প ও মানবাধিকার পরিস্থিতিকে এগিয়ে নিতে কার্যকরী ভূমিকা রেখেছেন।

দি নিউ ট্যাকটিস ফাউন্ডেশন, ব্যক্তিগত স্বেচ্ছাসেবীদেও ২০০০ ঘন্টা শ্রম কর্ম দ্বারা এবং বিভিন্ন দাতাদেও সহযোগিতা দ্বারা উপকৃত হয়েছে। যারা আমাদেও সহযোগিতা করেছে তার মধ্যে রয়েছে ম্যাকলেস্টার কলেজ, দি ইউনিভার্সিটি অফ মিনোসোটা, দি হায়ার এডুকেশন কনসোর্টিয়াম যার আরবান এ্যাকোয়ারস, দি মিনোসেটা জাস্টিস ফাউন্ডেশন এবং পাডিলা স্পীয়ার বার্ডস্লের পাবলিক রিলেসনস ফার্ম।

নিউ ট্যাকটিস নোটবুকে বিবৃত দৃষ্টিভঙ্গী সব সময়ে দাতাদেও দৃষ্টিভঙ্গী প্রতিনিধিত্ব করে না এবং দাতাদেও পূর্ণাঙ্গ তালিকা দেখা যাবেঃ www.newtactics.org

এই নোটবুকে যে দৃষ্টিভঙ্গী বিবৃত হয়েছে, তা সব সময়ে প্রজেক্টের দৃষ্টিভঙ্গী নয়, কারণ প্রকল্প কোন সুনির্দিষ্ট দৃষ্টিভঙ্গী বা রাজনীতি প্রচার করে না।

© ২০০৪, সেন্টার ফর ভিকটিমস অফ টর্চার কপিরাইটের ঘোষণা দিয়ে অবাণিজ্যিক স্বার্থে এই নোটবুক পুন:মুদ্রণ করা যাবে।

৪ লেখকের জীবনী

৫ নিউ ট্যাকটিস প্রজেক্ট ম্যানেজারের চিঠি

৬ ভূমিকা

৭ ইন্সটিটিউট প্রো বোনো গঠন

১১ প্রো বোনো সংগঠন গড়ার কৌশল

১৩ উপসংহার

NEW Tactics
in Human Rights

দি সেন্টার ফর ভিকটিমস অফ টর্চার
নিউ ট্যাকটিস ইন হিউম্যান রাইটস প্রজেক্ট
৭১৭ ইস্ট রিভার রোড
মিডিয়াপোলিস, এম এস ৫৫৪১০ ইউএসএ
www.cvt.org, www.newtactics.org

**মার্কোস ফুচ**

এার্কোস ফুচস হচ্ছেন, ইন্সটিটিউটো প্রো বুনোর নির্বাহী পরিচালক এবং কালেক্টস হিউম্যান রাইটসের ব্যাবস্থাপনা পরিচালক। তিনি ব্রাজিলে প্রো বোনা আইনি সহায়তার সংস্কৃতি সম্প্রসারণে নেতৃত্ব দেন এবং বর্তমানে তা অন্যান্য দেশে ছড়িয়ে দেয়ার কাজে ব্যপৃত। মিঃ ফুচস সাও পাওলোর ক্যাথলিক ইউনিভার্সিটি থেকে আইনে ডিগ্রী নিয়েছেন এবং সাও পাওলোর স্কুল অফ প্রোপাগান্ডা ও মার্কেটিং থেকে মার্কেটিং এ মাস্টার্স ডিগ্রি নিয়েছেন। যা হচ্ছে এই অঞ্চলের একটি নেতৃস্থানীয় শিক্ষাপ্রতিষ্ঠান এবং ম্যাচুসেটস এর বোস্টন ইউনিভার্সিটির ল স্কুল থেকে বাণিজ্যক আইনে ডিগ্রি নিয়েছেন। তিনি ১৯৮৯ থেকে ২০০১ সাল পর্যন্ত ইউএসএ তে এ্যার্টনী ছিলেন এবং হিংকলে গ্রুপ অব এ্যাসেসিয়েটেড কোম্পানীর একজন পরিচালক। তিনি ব্রাজিলিয়ান বার এ্যাসোসিয়েশন এর সাও পাওলোর ব্রাঞ্চ এর কমিউনিটি চ্যানেলের ডিরক্টর।

**ইনস্তিতিউতো প্রো বোনো**

২০০১ সালে প্রতিষ্ঠিত এটি একটি অলাভজনক প্রতিষ্ঠান। যার লক্ষ্য আইন খাতে সামাজিক দায়িত্বশীলতা বৃদ্ধির মাধ্যমে ব্রাজিলে সুবিচারের সুযোগ সৃষ্টি। তবে এর প্রধান উদ্দেশ্য হল আইনজীবী ও আইন প্রতিষ্ঠানগুলোকে বিনামূল্যে পরিসেবা দিতে উৎসাহিত করা। অধিকন্তু সমগ্র ব্রাজিলে প্রো বোনো কার্যক্রম বৈধকরণসহ আইন প্রতিষ্ঠানসমূহে প্রো বোনো কার্যক্রম প্রাতিষ্ঠানীভূত করাও এর উদ্দেশ্য। আমরা ইউনাইটেড নেশান্স ফাউন্ডেশান এবং ফোর্ড ফাউন্ডেশানকে তাদের সহযোগিতার জন্য ধন্যবাদ জানাই, যা ইনস্তিতিউতো প্রো বোনো গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

যোগাযোগের জন্য তথ্য
মার্কোস রবার্টো ফুচ
রুয়া পামপ্লোনা, ১১৯৭ কাসা ০৪
সাও পাওলো, এসপি-ব্রাজিল
সিইপি ০১৪০৫-০৩০
টেলিফোন: +৫৫১১৩৮৮৪৭৪৪০
ফ্যক্স: +৫৫১১৩৮৮৪১১২২
মোবাইল: +৫৫১১৯৯৮২৯৪৫৩
Marcos.fuchs@conectas.org

NEW Tactics
in Human Rights

সেপ্টেম্বর, ২০০৪

প্রিয় বন্ধু,

নিউ ট্যাকর্টিস ইন হিউম্যান রাইটস ট্যাকটিক্যাল নোটবুক সিরিজে স্বাগতম। প্রতিটি নোটবুকে একজন কওে মানধাধিকার কর্মী মানবাধিকার পরিস্থিতিকে এগিয়ে নিয়ে যান এরকম সৃজনশীল কৌশলের বর্ণনা দিয়েছেন। এই সব কর্মীরা হচ্ছেন বৃহত্তর বৈচিত্যময় মানবাধিকার আন্দোলনের অংশ, যাঁদেও মধ্যে রয়েছেন স্বেচ্ছাসেবী ও সরকারী ব্যক্তি, শিক্ষাবিদ, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, ট্রুথ ও রিকনসিয়েশন প্রক্রিয়ার সদস্যবর্গ, নারী অধিকার কর্মী এবং মানবিক স্বাস্থ্য কর্মী। তাঁরা নিজ নিজ দেশে এমন সব কৌশল উদ্ভাবন করেছেন এবং প্রচলন ঘটিয়েছেন যা মানবাধিকার পরিস্থিতি উন্নয়নে সহায়ক। এবাদেও তারা এমন সব কৌশল উদ্ভাবন ও প্রচলন করেছে, যা অন্যান্য দেশেও বিভিন্ন ইস্যুতে প্রয়োজ করা সম্ভব।

প্রতিটি নোটবুকে রয়েছে, কীভাবে লেখক এবং তাঁর সংগঠন তাদেও কার্যক্রমে সফলতা অর্জন করেছেন। আমরা অন্যান্য মানবাধিকার কর্মীদেও মানবাধিকার উন্নয়ন কৌশল বিষয়ে নিউ ট্যাকটিসের প্রস্তাবাবলী সম্পর্কে চিন্তা ভাবনা করতে উৎসাহিত করছি।

বেশ কয়েক বৎসর আগে পর্যন্ত, ব্রাজিলে জনগণকে সেবা দেওয়ার জন্য কোন আইন সহায়তাকারী প্রতিষ্ঠান ছিল না। প্রো বোলে লিগাল ইন্সটিটিউট মাও পালোতে আইন সহায়তার নতুন ঐতিহ্য সৃষ্টি করেছে, বড় বড় প্রতিষ্ঠিত আইন সহায়তাকারী প্রতিষ্ঠানগুলো উদ্বুদ্ধ করা হয়েছে জনগণকে আইন সহায়তা দিতে এবং এনজিওদেও সঙ্গে সম্পর্ক গড়ে তুলতে। ইন্সটিটিউট ১৪০ জন আইনজীবিকে নিয়োগ দিয়েছে এবং গুরুত্বপূর্ণ মানবাধিকার বিষয়ক মামলাগুলোসহ এনজিওদেও সব ধরনের আইনী সহায়তা দিচ্ছে। আইন সহায়তাকারী পরিমন্ডলে যে একটা বড় পরিবর্তন হচ্ছে, যা ক্রমান্বয়ে জনপ্রিয় হয়ে উঠছে। এই কর্মশালার মাধ্যমে এটা প্রকাশিত হয়েছে যে, কীভাবে প্রো বোনো পেশাদারী আইন জীবিগণ এনজিওদেও এবং মানবাধিকার ক্ষতিগ্রস্থদেও আরো কার্যকরী আইন সহায়তা প্রদানের ক্ষেত্রে অগ্রগতি অর্জন করেছে।

ট্যাকটিক্যাল নোটবুকের সমগ্র অংশটি www.newtactics.org এ অনলাইনে পাওয়া যাবে। সময়ের সাথে সাথে নতুন নোটবুক যুক্ত হবে। আমাদেও ওয়েব সাইটে আপনারা আরো অনেক তথ্যাদি পাবেন বিভিন্ন টুলস, ডাটাবেস, কর্মশালা, সিম্পোজিয়ামের তথ্যাদি ইত্যাদি। নিউ ট্রাকটিস নিউজ লোটারের জন্য অনুগ্রহপূর্বক newtactics@cvt.org এ ই-মেইল করুন।

হিউম্যান রাইটস প্রজেক্টেও নিউ ট্যাকটিস সারা বিশ্বেও বিভিন্ন মানবাধিকার গ্রুপ গুলোর সমন্বয়ে একটি বিশ্বব্যাপী উদ্যোগ। এই প্রকল্প সেন্টার ফর ভিকমিমস অফ টার্চার দ্বারা সমন্বিত হয়, যে প্রতিষ্ঠান অত্যাচারিতদেও চিকিৎসা সহায়তা এবং নাগরিক সমাজের নেতৃত্বগঠনে কাজ করছে।

আমাদেও প্রত্যাশা আপনারা এই নোটবুকগুলোকে তথ্য সহায়ক ও চিন্তার সহযোগী হিসেবে গণ্য করবেন।

বিনীত

Kate Kelsch

কেট কেলেস
নিউ ট্যাকটিস প্রজেক্ট ম্যানেজার

## ভুমিকা

ল্যাটিন উক্তি *‘প্রো বোনো পাবলিকো’* অর্থাৎ “জনস্বার্থের নিমিত্তে” বর্তমানে অহরহই ঐ সমস্ত আইনজীবী বা পেশাজীবীদের ক্ষেত্রে উল্লেখ করা হয় যারা দুর্দশাগ্রস্থ জনগোষ্ঠীর সাহায্যে বা জনস্বার্থ উন্নয়নে বিনামূল্যে সেবা দিয়ে থাকেন। এ ধরণের জনসেবা কার্যক্রমকে সহজতর করার লক্ষ্যে প্রণীত কৌশলমালা প্রাতিষ্ঠানীকরণের মাধ্যমে সেচ্ছাশ্রমে সময় দেবার মানবিক ইচ্ছাকে সামগ্রীক পেশা জগতের এক অখন্ড অংশে পরিণত করা যেতে পারে। প্রো বোনো কার্যক্রম উভয় পক্ষের জন্যই লাভজনক : ভোক্তা যেমন একদিকে সেবা পেয়ে থাকেন, আইনজীবীও তেমন তার দক্ষতা ভাল কোন কাজে লাগাতে পেরে সন্তুষ্টি লাভ করেন।

পারস্পরিক এ স্বার্থের কথা ভেবে, গরীব জনগোষ্ঠী এবং অ-লাভজনক দাতব্য সংগঠনগুলোকে বিনামূল্যে আইনী সহায়তা দিতে কোন কোন দেশে বিশেষ প্রতিষ্ঠান গড়ে তোলা হয়েছে। প্রাতিষ্ঠানীভূত প্রো বোনো কার্যক্রম যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া এবং ইউরোপে খুবই শক্তিশালী। এ দেশগুলোতে দরিদ্র, অভিবাসী এবং এনজিওদের সাহায্যার্থে  উচ্চ পর্যায়ের আইন প্রতিষ্ঠানগুলোর রয়েছে নিজস্ব প্রো বোনো কার্যক্রম ।

প্রো বোনো কার্যক্রমের প্রাতিষ্ঠানীকরণ মানবাধিকার সংক্রান্ত বিষয়গুলোর জন্য প্রত্যক্ষ সুফল বয়ে এনেছে। একদিকে বিনামূল্যে পরিসেবা পাওয়ায় মানবাধিকার বিষয়ক এনজিওগুলো যেমন লাভবান হচ্ছে, অন্যদিকে প্রো বোনো আন্দোলন আইনজীবী-অধিকারের মত একটি প্রায়শ-উপেক্ষিত বিষয়কে প্রত্যক্ষভাবে নাড়া দিয়ে চলেছে। সেচ্ছাসেবক আইনজীবীবৃন্দ বিশেষ করে অত্যাচার বা অমর্যাদার শিকার হয়েছেন এমন গোষ্ঠীকে সাহায্য করতেই বেশী আগ্রহী হন। ব্রাজিলের কিছু প্রখ্যাত এনজিও একনায়কত্বের (১৯৬৪-১৯৮৯) শিকার লাঞ্ছিত জনগণকে সাহায্যের মাধ্যমে তাদের কার্যক্রম শুরু করেছে। রাজনৈতিক কারণে বন্দী লোকদেরকে আইনী সহায়তা দিতে বহু আইনজীবীও এগিয়ে এসেছেন।

দুর্দশাগ্রস্থ জনগোষ্ঠীকে বিনামূল্যে সহায়তা দেয়ার ব্যাপারে আইন পেশার সর্বত্রই রয়েছে উন্মুক্ত দৃষ্টিভঙ্গী। তা স্বত্তেও বহু দেশে গুরুত্বপূর্ণ ও শক্তিশালী আইন প্রতিষ্ঠান থাকার পরও এমন কোন প্রাতিষ্ঠানীভূত প্রক্রিয়া নজরে আসে না যার মাধ্যমে জনগণ সেচ্ছাসেবী আইনজীবীদের সাথে যোগাযোগ করতে পারেন। অত্যাচারিত জনগণকে আইনী সহায়তা দেবার ক্ষেত্রে ব্রাজিলের অভিজ্ঞতা থাকলেও, ২০০১ সালে ‘ইনস্তিতিউতো প্রো বোনো’ প্রতিষ্ঠার আগ পর্যন্ত আসলে পূর্ণাঙ্গ ক্ষমতা সম্পন্ন এমন কোন প্রতিষ্ঠান ছিল না যার মাধ্যমে এ ধরণের পরিসেবা দিতে ইচ্ছুক আইনজীবীদেরকে এক মঞ্চে দাঁড় করানো যায়।

তাছাড়া এমন কোন বিধিবদ্ধ বিধানও ছিল না যার মাধ্যমে আইনজীবীগণ তাদের পরিসেবা দিতে পারেন। যুক্তরাষ্ট্রে একটি প্রতিষ্ঠান তার মোট সময়ের কিছু অংশ প্রো বোনো খাতে ব্যয় করলেও ব্রাজিল এবং অন্যান্য অনেক দেশে এ ধারণা একেবারেই অনুপস্থিত। এসব দেশে সেচ্ছাশ্রম একেবারেই ব্যক্তিগত ব্যাপার বলে তা সামগ্রীকভাবে  কোন প্রতিষ্ঠান বা পেশার সাথে সংশ্লিষ্ট নয়।

‘দ্য ইনস্তিতিউতো প্রো বোনো’ গঠনের উদ্দেশ্য হল, ব্রাজিলে আইন সংক্রান্ত পেশায় প্রো বোনো পরিসেবা পদ্ধতি প্রাতিষ্ঠানীকরণ এবং প্রো বোনো আইনজীবী ও মক্কেলদের মধ্যে যোগাযোগ বৃদ্ধিতে একটি দক্ষ পদ্ধতি তৈরী। আমাদের বিশ্বাস এর ফলে সমস্ত ব্রাজিলবাসীর পক্ষে সুবিচার পাওয়ার পাশাপাশি বহু এনজিওর জন্যও তা সুফল বয়ে আনবে। আমরা এ অভিজ্ঞতা আপনাদের সাথে বিনিময় করতে চাই, কারণ আমরা বিশ্বাস করি প্রো বোনো পরিসেবা প্রাতিষ্ঠানীকরণের ফলে অন্যান্য দেশও উপকৃত হবে যেখানে এ পরিসেবা এখনও চালু হয়নি।

## ব্রাজিলে সুবিচারের সুযোগ

ব্রাজিলে একটি অসম সমাজ বিদ্যমান, যেখানে সুবিচার মূলত ধনীদেরই কুক্ষিগত। এ বিশাল দেশে বিরাট সম্পদের পাশাপাশি অন্তহীন দারিদ্র বিরাজমান। এখানে ১০ শতাংশ বিত্তবান ৫০ শতাংশ সম্পদ নিয়ন্ত্রণ করে, পক্ষান্তরে ৫০ শতাংশ বিত্তহীন কেবলমাত্র ১০ শতাংশ সম্পদ নিয়ন্ত্রণ করে থাকে। বিদ্যমান বিচার ব্যবস্থায় লক্ষ লক্ষ ব্রাজিলবাসী খুবই অপ্রতুল সুবিধা ভোগ করে বা কোন কোন ক্ষেত্রে তা শুন্যের কোঠায়। অপরাধ, মানবাধিকার বা অর্থনৈতিক উন্নয়নের মত সামাজিক সমস্যা প্রশমনে এ বিচার ব্যবস্থা নিয়তই বাধা হয়ে দাঁড়ায়।

ব্রাজিলের ফেডারেল সংবিধানের ধারা ৫ LXXIV অনুযায়ী সরকার ব্রাজিলবাসী ও ঐ দেশে বসবাসকারী ভিনদেশী নাগরিকদেরকে বিনামূল্যে আইনী সহায়তা প্রদান করবে এবং এ সহায়তা ফৌজদারি ও দেওয়ানি উভয় ক্ষেত্রে কেন্দ্রীয় এবং

প্রাদেশিক পর্যায়ে বাস্তবায়িত করতে হবে। কয়েক দশক থেকে ব্রাজিল আইনে বিনামূল্যে আইনী সহায়তা দেবার কথা বলা হলেও এ দেশের অনেক প্রদেশেই এখনপর্যন্ত আইন বিভাগগুলোকে সংগঠিত করা হয়নি।

এমনকি সাও পাউলুর মত উন্নত প্রদেশে এখন পর্যন্ত 'পাবলিক ডিফেন্স ডিপার্টমেন্ট' গঠন করা হয়নি। সেহেতু আইনী কার্যক্রমগুলো এখানে 'স্টেট এ্যাটর্ণীস অফিস' এর মত বিভাগের মাধ্যমে সম্পন্ন করা হয়। তবে এ বিভাগগুলো প্রয়োজনীয় চাহিদা মেটাতে পারে না বিধায় বহু ব্রাজিলবাসী আইনী সহায়তা থেকে বঞ্চিত হয়। তাছাড়া বিনামূল্যে সহায়তা শুধু তাদেরকেই দেয়া হয় যারা দারিদ্রসীমা প্রমাণ করতে পারে (মাসিক আয় মাত্র ১০০ ডলার হিসাবে)। পক্ষান্তরে যে সব দরিদ্র জনসাধারণ এর চাইতে সামান্য বেশী উপার্জন করে তারা এ সাহায্য থেকে বঞ্চিত হয়। ব্রাজিল বার এ্যাসোসিয়েশন আইনজীবীবৃন্দ এবং 'স্টেট এ্যাটর্ণীস অফিস' যৌথ সহায়তার মাধ্যমে আইনের দ্বারস্থ হতে পারে না এমন লোকদেরকে আইন সহয়তা দিয়ে থাকেন।

সাও পাউলুতে 'স্টেট পাবলিক এ্যাটর্ণীস অফিস' প্রাদেশিক বার এ্যাসোসিয়েশনের সাথে সম্পাদিত সহযোগিতমূলক চুক্তির আওতায় কিছু তহবিল প্রাদেশিক বারকে প্রদান করে, যারা ব্যক্তিগত আইনজীবী নিয়োগে অক্ষম ব্যক্তিদেরকে আইন সহায়তা পেতে সাহায্য করে থাকে। তবে এ সহযোগিতার ক্ষেত্র খুবই অপ্রতুল। কৌশলগত সামাজিক কর্মকান্ডে আইনজীবীদের ফলপ্রসূ অংশগ্রহণ বাড়াতে এ সহযোগিতা আরও বিস্তৃত করা দরকার।

## ইন্‌স্তিতিউতো প্রো বোনো প্রতিস্থাপন

বিচার ব্যবস্থায় প্রবেশাধিকারের অভাব পূরণে এযাবত বিভিন্ন কৌশলের প্রয়োগ করা হয়েছে। তার একটি হল ব্যক্তি খাতের আইন-প্রতিষ্ঠানের মাধ্যমে প্রো বোনো পরিসেবা কার্যক্রম পরিচালনা করা। যদিও তা ছিল খুবই সীমিত, বিক্ষিপ্ত ও বিকেন্দ্রীভূত পর্যায়ে। এ কারণে আইন জগতে সংশ্লিষ্ট কতিপয় ব্যক্তি আরও সুসংগঠিত আলোচনার আয়োজন করেন।

ছোট আকারের এ দলটি ২০০১ সালে ব্রাজিলে প্রো বোনো পরিসেবা উন্নয়নের লক্ষ্যে একটি সেমিনারের আয়োজন করেন। প্রধান বক্তাদের মধ্যে ছিলেন প্রাক্তন সভাপতি ও লস এ্যাঞ্জেলসের পাবলিক কাউন্সিল ল সেন্টারের সিইও 'ড্যানিয়েল গ্রানফোল্ড'। গ্রানফোল্ডের উপস্থিতি ও তাঁর সংগঠনের কর্মকান্ড নিঃসন্দেহে ইন্‌স্তিতিউতো প্রো বোনো প্রতিষ্ঠায় মুখ্য অনুপ্রেরণা যুগিয়েছে।

অসকার ভিলহেনা এবং আইনজীবী ও ছাত্রদের একটি দল, ব্রাজিলেও উত্তর আমেরিকা উদ্যোগের মত একই রকম উদ্যোগের চেষ্টা চালান । ২০০১ সালে আর এক পূর্ণকালীন কর্মী এ প্রকল্পে যোগদান ক'রে আইন প্রতিষ্ঠান, বার এ্যাসোসিয়েশান এবং সম্ভাবনাময় অর্থনৈতিক সহযোগিবৃন্দ যেন আরও পরিকল্পিত উদ্যোগ গ্রহণ করে সে প্রচেষ্টা চালান। জুলাই ২০০১ -এ আইপিবির বর্তমান নির্বাহী পরিচালক মার্কোস ফাকস্ এ প্রকল্পে যোগ দেন। জনাব ভিলহেনা এবং জনাব ফাকস্ এ প্রকল্পে অংশগ্রহণের জন্য কিছু গুরুত্বপূর্ণ আইনজীবীকে আমন্ত্রণ জানান। প্রতিষ্ঠিত আইন প্রতিষ্ঠানগুলোকেও আমন্ত্রণ জানানো হয়। প্রো বোনো কার্যক্রম বৈধতা পাবার পর, এ পদক্ষেপ প্রো বোনো কর্মকান্ডে তাদের সমর্থন পেতে যথেষ্ট সহায়ক হয়।

অবশেষে ৩৭ জন বিজ্ঞ আইনজীবী, পাবলিক এ্যাটর্নী ও আইন-অধ্যাপক সমন্বয়ে 'ইনস্তিতিউতো প্রো বোনো অফ সাও পাউলু' প্রতিষ্ঠিত হয়। এর উদ্দেশ্য ছিল আইন খাতে সামাজিক দায়িত্ববোধ সৃষ্টির মাধ্যমে ব্রাজিলে সুবিচারের সুযোগ বৃদ্ধি করা। ব্রাজিল আইন ৯.৭৯০/৯৯ এর আওতায় আইপিবি বা ইনস্তিতিউতো প্রো বোনো হল একটি জনস্বার্থ সংস্থা।

প্রো বোনো কার্যক্রম আইনজীবীদেরকে কৌশলগত সামাজিক ও আইনী সুশাসনের সাথে সম্পৃক্ত হতে সাহায্য করে এবং ব্রাজিলে একে আইনের ফলপ্রসূ প্রয়োগ ও সুবিচার পাবার পথে গুরুত্বপূর্ণ এক কৌশলমালা হিসাবে দেখা হয়।

আইন জগতে প্রো বোনো সম্পর্কে বিশ্বাসযোগ্যতা আনাটাই ছিল ১ম গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ড্যানিয়েল গ্রানফোল্ড, দি পাবলিক কাউন্সিল ফর লস এ্যাঞ্জেলস, দি সাইরাস ভ্যান্স সেন্টার ফর ইন্টারন্যাশনাল জাস্টিস ইনিশিয়েটিভস এবং দি এ্যাসোসিয়েশান অব দি বার অব দি সিটি অব নিউইয়র্কের সমর্থন আইপিবি প্রচেষ্টায় প্রয়োজনীয় বিশ্বাসযোগ্যতা প্রদান করে।

মিস জোয়ান ভারম্যুলেন কতৃক প্রতিনিধিত্বকারী 'দি সাইরাস ভ্যান্স সেন্টার' আইপিবিকে যুক্তরাষ্ট্রের আইন প্রতিষ্ঠান ও অ-লাভজনক সংস্থাসমূহের তথ্য ও ঠিকানা পেতে সাহায্য করে। আমরা বাইরের কিছু বন্ধুদের সহায়তায় আর্জেন্টিনার রাজধানী বুয়েনস্ আয়ারস্ - এ অবস্থিত 'কলেজিও দ্য এ্যাদবোগাদোস এবং চিলির সান্টিয়াগোতে অবস্থিত 'ফান্দাসিওন প্রো বোনো'-র সাথে যোগাযোগ করি, যারা যথাক্রমে ১ম ও ২য় আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করে।

## বাধা উত্তরণ

আইন প্রতিষ্ঠান ও আইনজীবিগণ প্রো বোনো কার্যক্রমের মাধ্যমে নতুন মক্কেল সংগ্রহের অন্যায্য প্রতিযোগিতায় জড়িয়ে পড়তে পারে এই আশঙ্কায় প্রথম দিকে ব্রাজিল বার এ্যাসোসিয়েশান এবং প্রাদেশিক বার এ্যাসোসিয়েশান বিনামূল্যে আইন-সহায়তা দেয়াকে অবৈধ বলে উল্লেখ করে। অন্যদিকে সাও পাউলু প্রাদেশিক বার এ্যাসোসিয়েশনের প্রায় ৩৩,০০০ সদস্য ইতোমধ্যেই সরকারি ভাতার বিনিময়ে দরিদ্রদের জন্য আইন সহায়তা দিচেছ বিধায় এ এ্যাসোসিয়েশন সরাসরি প্রো বোনো ধারণার বিরোধিতা করে।

এ সমস্যা সমাধানে আমরা একটি রেজ্যুলুশান তৈরী করি যা ব্রাজিল আইনজীবীদেরক বৈধভাবে প্রো বোনো কার্যক্রমে অংশ নিতে সাহায্য করবে। পক্ষান্তরে সাও পাউলু প্রাদেশিক বার এ্যাসোসিয়েশান 'এথিকস্ এ্যান্ড ডিসিপ্লিন ট্রিবিউনাল' এবং 'ইনস্টিটিউটো প্রো বোনো' বোর্ড সদস্য সমন্বয়ে "প্রো বোনো ওয়ার্কিং গ্রুপ" গঠন করে।

এ ওয়ার্কিং গ্রুপ 'সাও পাউলু স্টেট এথিকস্ ট্রিবিউনালে' প্রো বোনো কার্যক্রম সংক্রান্ত একটি দরখাস্ত পেশের সিদ্ধান্ত নেয়। প্রখ্যাত আইনবিদগণ এবং বড় বড় আইন প্রতিষ্ঠান এ দরখাস্তে স্বাক্ষর করেন। এঁরা একটি কোয়ালিশান তৈরী করেন, যার মাধ্যমে প্রো বোনো পরিসেবা নিয়ন্ত্রণে 'বার' কে চাপ প্রয়োগ করা যায়।

কয়েকটি সভায় ব্যাপক আলোচনার পর সাও পউলু প্রাদেশিক বার এ্যাসোসিয়েশন সিদ্ধান্ত নেয় যে, প্রো বোনো কার্যক্রম সম্পূর্ণরুপে স্থানীয় বার এ্যাসোসিয়েশানের মাধ্যমে নিয়ন্ত্রিত হবে।

এ লক্ষ্যে প্রাদেশিক বার এ্যাসোসিয়েশান 'প্রো বোনো রেজ্যুলুশান' পাশ করে, যা সাও পাউলু প্রদেশে প্রো বোনো কার্যক্রমকে বৈধতা দান করে। এ রেজ্যুলুশান আইনজীবী ও আইন প্রতিষ্ঠানসমূহকে বিনামূল্যে আইন সহায়তা দেয়ার সুযোগ করে দেয়। তবে ব্যক্তি পর্যায়ে এ সুযোগ এখনও নিষিদ্ধ। অবশ্য প্রাক্তন বিচার মন্ত্রী জনাব মিগুয়েল রিয়েল, যিনি আমাদের বোর্ডেরও প্রেসিডেন্ট আমাদের সাথে এবং জাতীয় বার এ্যাসোসিয়েশানের প্রেসিডেন্টের সাথে একযোগে ব্রাজিলের জন্য প্রো বোনো আইন তৈরীতে কাজ করে যাচ্ছেন। এ আইন আইনজীবী ও আইন প্রতিষ্ঠানকে সমগ্র ব্রাজিলে ব্যক্তি ও এনজিও পর্যায়ে প্রো বোনো কার্যক্রম চালাতে সাহায্য করবে।

## সম্প্রসারণ এবং ফলাফল

আমরা ব্রাজিলের কোন আইন প্রতিষ্ঠানের সমর্থন ছাড়াই মাত্র ৪০ জন সেচ্ছাসেবক আইনজীবী নিয়ে কাজ শুরু করি। তাছাড়া আমাদের প্রধান মক্কেলগণও প্রো বোনো কার্যক্রম সম্বন্ধে সচেতন ছিল না। আইনজীবীগণ কিভাবে সেচ্ছাশ্রম দিতে পারেন এবং এনজিওসমূহ কিভাবে লাভবান হতে পারে সে বিষয়ে আমাদেরকে প্রচার প্রচারণা চালাতে হয়েছিল। আমরা একটা ওয়েবসাইটও চালু করি। আইনজীবীরা কি ধরণের সেবা দিতে পারেন বা তারা কোন ধরণের এনজিওকে সাহায্য করতে পারেন সে তথ্য সম্বলিত একটি ফর্ম তাদের পূরণ করতে হয়।

ওয়েব সাইট ছাড়াও প্রো বোনো ধারণাকে ছড়িয়ে দিতে আমরা নেটওয়ার্কিংয়েরও শরনাপন্ন হই। আমাদের ১ম মক্কেলদের মধ্যে ছিল প্রোফেসার দোমিংগোস দেলাসিও উওমেন'স হেলথ হোম প্রজেক্ট, সাও পাউলু ফেডারেল ইউনির্ভাসিটি, দি স্টাডিজ সেন্টার অব সাও পাউলু ল'ইয়ার এন্টিটিজ এবং সেন্ট্রাল এ্যান্ড ল্যাটিন আমেরিকান কমিটি ফর দি ডিফেন্স অব উওমেন। এ প্রকল্প যৌন পীড়নের শিকার এবং চিকিৎসক, নার্স, মন:বিদ, মনোচিকিৎসক, সমাজবিদ সকলের সাহায্য প্রয়োজন এমন মহিলাদেরকে বহুবিধ সহায়তা দিয়ে থাকে। এ ধরণের ক্ষতিগ্রস্থদের ব্যাপারে পুলিশের সাথে যোগাযোগ করতে এবং অপরাধ তদন্তে সহযোগিতা করতে আমরা এ প্রকল্পে পূর্ণকালীন একজন শিক্ষানবীশ আইনের ছাত্র নিয়োগ করেছি। এতেই প্রমাণিত হয় আনুষ্ঠানিকভাবে আমাদের মক্কেল বিভিন্ন এনজিও হলেও ব্যক্তিগতভাবেও জনগণ উপকৃত হয়ে থাকে।

দ্য ইনস্তিতিউতো প্রো বোনো ২০০২ ও ২০০৩ সালে দ্রুত সম্প্রসারিত হয় ও বিশ্বাসযোগ্যতা অর্জন করে। সেচ্ছাসেবী হিসাবে আমাদের রয়েছে ১৫০ জন আইনজীবী ও ১০ টি আইন প্রতিষ্ঠান। আমরা ৭০ টিরও বেশী এনজিওকে প্রশাসনিক, দেওয়ানি মামলা, চুক্তি, কর ও শ্রম ইস্যুতে আইনী সহায়তা দিয়েছি। তবে বেশীর ভাগ এনজিওদের সরকারি নিবন্ধন পেতে সহায়তার দরকার হয়েছিল। মামলা সংক্রান্ত বিষয় ১০ শতাংশের কম হলেও প্রো বোনো ধারণা প্রচারের সাথে সাথে তার সংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে।

আমরা কিশোর অপরাধি, পরিত্যাক্ত শিশু এবং বিশেষ সহায়তা প্রয়োজন এমন গোষ্ঠী যেমন, মূক ও বধিরদেরকে সহায়তা করেছি। আমরা পরিবেশ অথবা স্থানীয় জনগোষ্ঠী নিয়ে কাজ করছে এমন এনজিও এবং একনায়ক সরকারের নির্যাতন ও অত্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে এমন সংস্থাসমূহকেও সহায়তা দিয়েছি।

## প্রে বোনো কার্যক্রমের প্রভাব
## কিলোম্বো কেস

দ্য ইনস্তিতিউতো প্রো বোনো এবং পালমারস্ ফাউন্ডেশান একযোগে ভূমি অধিকার প্রতিষ্ঠায় কাজ করেছে। ব্রাজিল আইনে কিলোম্বো জনগোষ্ঠীর জন্য এ ভূমি অধিকার স্বীকৃত। দাস বংশোদ্ভূত এ জনগোষ্ঠীকে নীতিগতভাবে এজমালি জমি দেয়া হলেও বস্তুত এ জমিতে তাদের কোন অধিকার নেই। পালমারস্ ফাউন্ডেশান ব্রাজিল সরকারের একটি অঙ্গ সংগঠন যাদের কাজ হল দাস বংশোদ্ভূত জনগোষ্ঠীর অধিাকর সংরক্ষণ করা। আমাদের সহায়তায় সাও পাউলুর একটি প্রতিষ্ঠিত আইন প্রতিষ্ঠান পল্লী আইনজীবীদের একটি দলকে কিলিম্বোদের আইনগত অধিকার জরিপে সাহায্য করে। এ কার্যক্রম ব্রাজিলের হাজার হাজার ভূমিহীন জনগণকে তাদের নিরাপত্তা রক্ষায় আইনগত ব্যাখ্যা ও উপকরণ সরবরাহ করবে।

## প্রে বোনো কার্যক্রমের প্রভাব
## স্থানীয় জনগোষ্ঠীকে আইন সহায়তা দান

স্বদেশী সংস্থা এ্যাসোসিয়াকাও তেরা ইন্দিজিনা দ্যু শিঙ্গু ( শিংগু ভূমি সমিতি) এক সময় ইনস্তিতিউতো সোসিয়াম্বিয়েন্তাল্ (ব্রাজিল পরিবেশ ইনস্টিটিউট) কে ব্রাজিলের প্রসাধন কোম্পানী নাতুরার সাথে স্থানীয় সমিতি কতৃক প্রস্তুতকৃত শবজী তেল ক্রয় সংক্রান্ত আলোচনায় মধ্যস্থতা করার জন্য অনুরোধ করে। স্থানীয় জনগণের প্রতিকৃতি বিজ্ঞাপন ও প্রোডাক্ট লেবেলে সংযোজনের বিষয়ও এ আলোচনার অন্তর্গত ছিল। ব্রাজিল পরিবেশ ইনস্টিটিউট প্রতিকৃতি ব্যবহার এবং এর জন্য দেয় অর্থ সম্বন্ধে আমাদের আইন বিষয়ক মতামত চেয়ে পাঠায়। প্রশ্ন দাঁড়িয়েছিল যার প্রতিকৃতি ব্যবহার করা হবে তাকেই অর্থ দেয়া হবে না সমগ্র জনগোষ্ঠী তা পাবে।

এর ফলে ব্রাজিলের স্থানীয় জনগোষ্ঠীর পক্ষে প্রথমবারের মত 'পার্সোনালিটি' অধিকারসমূহ পর্যালোচনার সুযোগ সৃষ্ঠি হয়। নাতুরা তাদের প্রতিকৃতি ব্যবহার করতে চায় 'প্রাকৃতিক', 'অনুপম', 'খাঁটি' প্রভৃতি প্রতীক অর্থ বোঝাতে। স্বেচছাসেবী বিশেষজ্ঞবৃন্দ এ সিদ্ধান্তে পৌছান যে, কেবলমাত্র জনগোষ্ঠীর পক্ষে কোন ব্যক্তির প্রতিনিধিত্বই নাটুরার জন্য এ ব্যাপারে প্রত্যাশিত ফল বয়ে আনতে পারে। পার্সোনালিটি অধিকার বলতে ব্যক্তি অধিকারকে বোঝায় না, তা আসলে একটা যৌথ বিষয়, যা সমগ্র শিংগু জনগোষ্ঠীর জন্যই প্রযোজ্য। সুতরাং প্রদত্ত অর্থে সমগ্র জনগোষ্ঠীর অধিকার বিদ্যমান।

## নেটওয়ার্কিং- এর গুরুত্ব

প্রো বোনো মডেল উন্নয়নের ফলে এখন আরও কতিপয় প্রো বোনো ইনস্টিটিউট গড়ে উঠছে। ব্রাজিলেও এ বিষয়ে নতুন তিনটি উদ্যোগ নেয়া হয়েছে, দুটো দক্ষিণে ( পারানা এবং রিয়ো গ্রাঁদী দ্যু সুল) এবং একটি দক্ষিণ পূর্বে (মারান্হাও)। চিলি, আর্জেন্টিনা এবং দক্ষিণ আফ্রিকাও প্রো বোনো কার্যক্রম প্রতিষ্ঠায় উদ্যোগ নিচেছ, আর আমরাও তাদের সাথে এ ব্যাপারে শক্তিশালী সম্পর্ক গড়ে তুলছি। পারস্পরিক সম্পর্ক গড়ে তোলার এ উদ্যোগের ফলে আমরা শক্তিশালী আন্তর্জাতিক আইন-নেটওয়ার্ক সৃষ্টিতে ভূমিকা রাখছি। জাতিসংঘ কনভেনশানসমূহের সদ্ব্যবহারে এ সহযোগিতার যথেষ্ট গুরুত্ব রয়েছে।

ব্রাজিলে প্রথম এ ধরণের সংস্থা হওয়ায় আমাদেরকে প্রো বোনো কার্যক্রম এবং সামাজিক দায় দায়িত্বের অভিজ্ঞতা সম্পন্ন অন্যান্য বিদেশী সংস্থার শরণাপন্ন হতে হয়েছিল। লস এ্যাঞ্জেলস্ এর পাবলিক কাউন্সিল এবং সাইরাস ভ্যান্স সেন্টার ফর ইন্টারন্যাশনাল জাস্টিস্ -এর উদ্যোগ আমাদেরকে সাও পাউলুর প্রধান আইন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতে এবং স্বেচ্ছাসেবী আইনজীবীদের জন্য একটি ব্যবস্থাপনা পদ্ধতি তৈরীতে সাহায্য করে। দক্ষিণ আমেরিকায় আমাদের স্থানীয় সহযোগী দি ফান্ডাসিয়ন প্রো বোনো অফ চিলি এবং কলেজিও দি এ্যাদবোগাদোস অফ বুয়েনস্ আয়ারস্, আর্জেন্টিনা প্রো বোনো উন্নয়নে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

## ইনিস্তিতিউতো প্রো বোনো মডেল

আমাদের প্রণীত মডেল অন্যান্য দেশের প্রো বোনো মডেল এবং গণ পরিসেবায় জড়িত আইন সংস্থাসমূহের মডেলকে অনুসরণ করে রচিত। কর্মী ও সম্পদের প্রাথমিক সীমাবদ্ধতা এবং বিনামুল্যে আইন সহায়তা দেওয়ায় বিধিনিষেধের কারণে, এ সিদ্ধান্ত নেওয়া হয় যে, আইপিবি গণ পরিসেবা প্রদান এবং ইনস্টিটিউটের বাইরের আইনজীবীদের কর্মসময় নির্ধারণ এ দুটো দিকই দেখবে। একই সময়ে ইনস্টিটিউট আইন জগতে পরিবর্তন সাধনে মুক্ত পরিবেশ সৃষ্টিতে এবং প্রো বোনো পরিসেবায় তার অবস্থান পরিবর্তনে 'বারকে' প্রভাবিত করতে লবি ও সচেতনতা কর্মসূচী চালিয়ে যাবে।

সংস্থার কর্মকান্ড সংক্রান্ত রিপোর্টিংকে সহজতর করতে নিম্নবর্ণিত অনানুষ্ঠানিক ও নমনীয় কার্যক্রম হাতে নেয়া হয় ঃ

### স্বেচ্ছাসেবী কর্ম সময় ব্যবস্থাপনা

সম্ভাব্য বেনিফিশিয়ারী এবং স্পন্সরদেরকে বিনামূল্যে আইন সহায়তা দেয়ার ক্ষেত্রে এটা হল ইনস্টিটিউটের ভিত্তিস্বরুপ। বেসরকারি সাহায্য সংস্থাগুলোকে এ্যাটর্ণী এবং আইন সম্প্রদায় কতৃক প্রদত্ত স্বেচছা কর্মসময়কে এ ইনস্টিটিউট নিয়ন্ত্রণ করে। আজ দেশের বহু বৃহৎ ও প্রভাবশালী আইন প্রতিষ্ঠান ইনস্টিটিউটকে তাদের উল্লেখযোগ্য কর্মসময় প্রদান করে।

### আইন প্রতিষ্ঠান চিহ্নিত করণ

আমাদের কর্মকৌশল খুবই সহজ : বিভিন্ন অনুষ্ঠান, ওয়েব সাইট এবং প্রো বোনো কমিটি গঠনে সহায়তাকারী 'স্টাডিজ সেন্টার অফ সাও পওলু ল'ইয়ার এন্টিটিজ' এ কাজে আমাদের সহায়ক হয়েছে। পিনহিরো নেতো, তোজিনি ফ্রেরে, ম্যাতোস ফিলহো, দিমারেস্ত্ এ্যান্ড আলমিদা এবং ম্যাকাদো মিয়ারের মত ব্রাজিলের বড় বড় আইন প্রতিষ্ঠান আমাদের প্রকল্পের মাধ্যমে বিনামূল্যে আইন সহায়তা দিয়েছে।

আমরা সব সময় স্বেচ্ছাসেবী আইনজীবীদেরকে তাদের রেজিস্ট্রেশান ফর্মে উল্লিখিত বিষয়ের আলোকে বিভিন্ন কেস্ দিয়ে থাকি যেন তারা পরিচিত বিষয়ের উপর কেস পরিচালনা করতে পারেন।

### এনজিও চিহ্নিতকরণ

১ম বছর আমরা নির্বাচিত বিষয়ের আলোকে সীমিত সংখ্যক কেস গ্রহণ করি এবং কোন নির্দিষ্ট ক্রাইটেরিয়ার উপর নির্ভর না করে প্রত্যেকটি কেস পর্যলোচনা করি। একই সময়ে স্বার্থসংশ্লিষ্ট নির্দিষ্ট বিষয় সহ গুরুত্বপূর্ণ সহযোগি সংস্থাকে চিহ্নিত করি, যা আমাদেরকে নাগরিক এবং আইন সমাজে আমাদের অবস্থান সুসংহত করতে সাহায্য করবে।

সাহায্যের জন্যে মনোনীত হতে হলে এ সংস্থাগুলোকে অবশ্যই তাদের চাহিদা, অবকাঠামো, আইনী অবস্থান সম্পর্কে বিস্তারিত তথ্য প্রদান করতে হয়। ইনস্টিটিউট প্রতিনিধি অথবা স্বেচছাসেবী আইনজীবীগণ সেবা প্রদানের আগে উক্ত সংগঠন পরিদর্শন করেন। এর ফলে সংশ্লিষ্ট আইনজীবীগণ সংগঠনগুলো কি ধরনের সহায়তা চায় সে সম্পর্কে পূর্বধারণা পেয়ে থাকেন।

## আইনজীবীগণ কেন প্রো বোনো কর্মকান্ডে সম্পৃক্ত হন?

প্রথমত, প্রো বোনো এ প্রতিষ্ঠানগুলোকে যোগ্য আইনজীবী নিয়োগে সাহায্য করে। তবে প্রতিষ্ঠানগুলোর পরিসর বৃদ্ধি পাওয়ায় সংঘবদ্ধতা ধরে রাখা কঠিন হয়ে পড়েছে। আজ প্রো বোনো যে সহযোগিতার সুযোগ এনে দিয়েছে তা আইনজীবীদের জন্য গর্ব ও সন্তুষ্টির ব্যাপার। একজন পরিতৃপ্ত আইনজীবীই একজন ভাল আইনজীবী হতে পারেন, আর এ পরিতৃপ্তি তার কর্মে আনতে পারে সম্পূর্ণতা।

দ্বিতীয়ত, প্রো বোনো কর্মকান্ড সহযোগীদের জন্য ভাল অভিজ্ঞতা লাভের সুযোগ বয়ে আনে। তরুণ সহযোগীদের জন্য পেশাগত উন্নয়ন সহ তাদের কর্মকান্ডে বৈচিত্র্য সৃষ্টি, আরও স্বায়ত্বশাসন অর্জন এবং নতুন ফোরামে কাজ করার সুযোগ এনে দেয়। তারা প্রতিষ্ঠানের বিভিন্ন স্তরের আইনজীবীদের সাথে কাজ করার সুযোগ অর্জন করে এবং প্রো বোনো কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের

কাজের সাথে সক্রিয়ভাবে অংশ নিতে পারে। প্রো বোনো এসব তরুন সহযোগীদের উন্নতিসহ আইন চর্চায় তাদের জন্য আশু খ্যাতি বয়ে আনে।

তৃতীয়ত, প্রো বোনো আইনজীবীদের পেশাগত জীবনে কর্মে সন্তুষ্টির অভাব ও নৈতিক অবক্ষয়ের কারণ নির্ধারণে সাহায্য করে। বড় বড় আইন প্রতিষ্ঠানের পক্ষে জরুরী সামাজিক বিষয় নিয়ে কাজ করার সুযোগ বার বার আসে না। ফলে বহু আইনজীবী বড় মাপের গণ স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে নিজেদেরকে সম্পৃক্ত করতে পারে না। প্রো বোনো বহু আইনজ্ঞকে সমাজে অবদান রাখতে এবং জরুরী সামাজিক বিষয়ে গঠনমূলক ভূমিকা রাখতে সাহায্য করে। এটাও উল্লেখ করা জরুরী যে, প্রো বোনো মানবাধিকার বিষয়কেও সমর্থন দান করে, আর অধিকাংশ আইনজীবী সুবিধাবঞ্চিত জনগণের পক্ষে মানবাধিকর আন্দোলনকে স্বাগত জানায়।

চতুর্থত, সাধারণ জনগণের দৃষ্টিতে প্রো বোনো আইন পেশা ও পদ্ধতির সুঅবস্থানের জন্য মঙ্গলজনক। যুক্তরাষ্ট্রের সমালোচকদের মতে, আইনজীবী বিরোধী মনোভাব আসলে কেবল আইনজীবীকে ঘিরেই গড়ে ওঠে না বরং তা সমাজের ব্যাপক স্তরে আইন ব্যবস্থা সম্পর্কে জনগণের দৃষ্টিভঙ্গীরও প্রতিফলন ঘটায়। আইন পদ্ধতি ও আইন চর্চায় গণ আস্থা বজায় রাখতে ন্যায়বিচারে অর্থবহ প্রবেশাধিকার নিশ্চিত করা দরকার। যদিও অধিকাংশ আইনজীবী এবং দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মধ্যে প্রত্যক্ষ যোগাযোগ না থাকলে ন্যায় বিচার ব্যবস্থা অর্জন সম্ভব নয়।

## প্রো বোনো সংগঠন গঠনের কলাকৌশল

### বার এ্যাসোসিয়েশানের সমর্থন লাভ করুন

আপনার এলাকায় প্রো বোনো কার্যক্রম বৈধ কিনা প্রথমেই তা নির্ধারণ করুন। আপনার এলাকার বার এ্যাসোসিয়েশানের সাথে অবশ্যই যোগাযোগ করার পাশাপাশি বিদেশী বার এ্যাসোসিয়েশানের সাথেও যোগাযোগের চেষ্টা করুন। বিদেশী বার এ্যাসোসিয়েশান আপনাকে নির্দেশনা দেবার পাশাপাশি স্থানীয় এ্যাসোসিয়েশানকে প্রো বোনো পরিচালনায় সাহায্য করতে পারে। আমাদের ক্ষেত্রে নিউইয়র্কের বার এ্যাসোসিয়েশান এ ব্যাপারে খুব বড় ভূমিকা পালন করে। এদের সহায়তা পেয়ে স্থানীয় বার এ্যাসোসিয়েশান ভীষণ বিমোহিত হয়েছিল।

যেমনটি আমরা দেখেছি, 'বারে'র সাথে গঠনমূলক কূটনৈতিক আলোচনা সমস্ত বাধাকে অতিক্রম করতে সাহায্য করে। আমরা নিশ্চিত প্রো বোনো একসময় সরকারি ভাবে সমগ্র ব্রাজিলে স্বীকৃতি পাবে।

### গুরুত্বপূর্ণ ব্যক্তিত্বের অংশগ্রহণকে উৎসাহিত করুন

প্রো বোনো ধারণা উন্নয়ন এবং যাবতীয় বাধা অপসারণের একটি কার্যকর কৌশল হল কিছু গুরুত্বপূর্ণ ব্যক্তিত্বকে সংস্থায় অন্তর্ভূক্ত করা। সেহেতু আমরা প্রাক্তন আইনমন্ত্রীদেরকে আমন্ত্রণ জানিয়ে ছিলাম। আমরা 'কলেজিও দ্য এ্যাদবোগাদোস', (বুয়েনস্ আয়ারস্, আর্জেন্টিনা) প্রো বোনো কমিটি প্রেসিডেন্ট এবং 'ফান্দাসিয়ন প্রো বোনো' (সান্টিয়াগো, চিলি) - নির্বাহী পরিচালকের মত বিখ্যাত আন্তর্জাতিক ব্যক্তিত্বকেও ব্রাজিলে আমন্ত্রণ জানিয়েছিলাম। এ ধরণের ব্যক্তিত্বের বিশ্বাসযোগ্যতা আপনার সংস্থাকে শক্তিশালী করতে পারে। তাঁরা স্থানীয় ও জাতীয় বার এ্যাসোসিয়েশানে প্রভাব রাখার পাশাপাশি নেতৃস্থানীয় আইন প্রতিষ্ঠানের জন্য দরজা খুলে দিতে পারে।

### বড় আইন প্রতিষ্ঠানে অভিগমন

উল্লেখযোগ্য সংখ্যক স্বেচছাসেবী আইনজীবী সহ আইন সমাজে নেতৃত্ব দেবার ক্ষমতা থাকায় বেশ কিছু প্রভাবশালী আইন প্রতিষ্ঠানেরই প্রো বোনো কার্যক্রমে অন্তর্ভূক্ত হওয়ার যোগ্যতা রয়েছে। তাছাড়া তাদের অন্তর্ভূক্তি অন্যদেরকেও করবে উৎসাহিত। আইন প্রতিষ্ঠান এবং ইন-হাউজ কাউন্সিলরদের মাধ্যমে প্রো বোনো পলিসি গ্রহণ আইনজীবীদের মাঝে সামাজিক দায়িত্ব বৃদ্ধির পথে গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ। এসব পলিসি উদ্যোগ ব্রাজিলে সাম্প্রতিক বিষয় হলেও ক্রমাগতভাবে তা বৃদ্ধি পাচ্ছে।

এ উদ্যোগকে উৎসাহিত করতে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রো বোনো কার্যক্রমের সফল অভিজ্ঞতাগুলো আইন প্রতিষ্ঠান ও ইন হাউজ কাউন্সিলরদের সাথে শেয়ার করা দরকার এবং অন্যান্য প্রতিষ্ঠান ও সংস্থার সামনেও তা তুলে ধরা উচিত। আমরা স্বেচছাসেবী নিয়োগ এবং এনজিওদের সাথে সম্পর্ক সৃষ্টিতেও তাদেরকে সাহায্য করি।

ধনী ও বিশালায়তনের আইন প্রতিষ্ঠানগুলোর আইনজীবীদের মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে রয়েছে অভিন্ন আগ্রহ এবং এ প্রতিষ্ঠানগুলো যোগ্যতম আইনজীবী এবং মক্কেল পেতে একে অপরের সাথে প্রতিযোগিতা করে থাকে। তাছাড়া কোম্পানী হিসাবে এসব প্রতিষ্ঠান কর্ম-সন্তুষ্টি এবং প্রেষণার উপরও জোর দিয়ে থাকে।

যুক্তরাষ্ট্র ও ইউরোপে অধিকাংশ নেতৃস্থানীয় আইন প্রতিষ্ঠানের রয়েছে প্রতিনিধি অথবা সহযোগী। আপনারা এ সুযোগ গ্রহণ করতে পারেন এবং আপনাদের দেশে এ ধরণের বড় প্রতিষ্ঠানকে বলতে পারেন যে কোথাও না কোথাও তাদের সহযোগি প্রো বোনো কার্যক্রমে সম্পৃক্ত। যদি একবার আপনারা কিছু বড় প্রতিষ্ঠান আপনাদের পক্ষে পেয়ে যান তবে অন্যান্য প্রতিষ্ঠানের দ্বারস্থ হওয়া আপনাদের জন্য সহজতর হবে।

প্রথমে মনে হতে পারে এসব বড় মাপের প্রতিষ্ঠান প্রো বোনো সমর্থনে ততটা উৎসাহিত নয়, তবে যুক্তরাষ্ট্রের অভিজ্ঞতায় দেখা যায় প্রতিষ্ঠান যত বড় হয়ে থাকে প্রো বোনো কার্যক্রম অনুমোদনের সম্ভাবনাও তত বেশী থেকে যায়।

সাও পাউলুতে আমাদের অভিজ্ঞতা ছিল খুবই ইতিবাচক। প্রথমত, আইপিবির কিছু বোর্ড সদস্য পিনহিরো নেতো, মাতোস ফিলহো এবং দিমারেস্ত এ্যান্ড এ্যালমিদার মত বড় বড় প্রতিষ্ঠানেরও সহযোগি ছিল। এঁরা আইপিবিকে অন্যান্য আইন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগে সাহায্য করে এবং অধিকাংশ প্রতিষ্ঠান এ পদক্ষেপকে স্বাগত জানায়। বর্তমানে আইপিবি বহু প্রতিষ্ঠানের আনুষ্ঠানিক সমর্থন পেয়ে থাকে। আমরা ইতোমধ্যে ১০টিরও বেশী বড় প্রতিষ্ঠানের সাথে সরাসরি কাজ করেছি। বর্তমানে এনজিওদের তুলনায় অনেক বেশী স্বেচ্ছাসেবী আইনজীবী আমাদের সাথে কাজ করছেন।

## প্রো বোনো ধারণার বিস্তার ও বৈধতাকরণ
## ৩য় আন্তর্জাতিক প্রো বোনো সেমিনার

প্রো বোনো ধারণা বিস্তারের জন্য সেমিনার ও সম্মেলন মৌলিক এক বিষয়, বিশেষত ব্রাজিলের মত দেশে যেখানে সেচ্ছাসেবী শ্রমের তেমন চলন নেই। এ ধরণের সভা-সমিতি স্থানীয় এবং অন্যান্য দেশের আইনজীবীদেরকে একত্রিত হতে সাহায্য করে এবং পরস্পরের মধ্যে আস্থা গড়ে তোলে, যা জনগণকে প্রো বোনো ধারণার প্রতি আরও সংবেদনশীল করে তোলে। অধিকন্তু এসব অনুষ্ঠানে নীতিগত ও প্রশাসনিক বিষয়ের প্রতিও নজর দেয়া হয়। বিনামূল্যে জনস্বার্থে কারও শ্রম পেতে হলে প্রথমে তাকে এ কাজের গুরুত্ব উপলব্ধি করাতে হবে, পাশাপাশি বোঝাতে হবে একটি কোম্পানী বা প্রতিষ্ঠানের আওতায় সে কাজ কতটা সুসংগঠিত ভাবে করা যায়।

২০০৩ সালের ৪-৫ ডিসেম্বর আইপিবি সাইরাস ভ্যান্স সেন্টার ফর ইন্টারন্যাশনাল জাস্টিস ইনিশিয়েটিভস, দ্য সাও পাউলু ল'ইয়ারস্ এ্যাসোসিয়েশান এবং ব্রাজিলের সব থেকে সম্মানীত বিশ্ববিদ্যালয়ের একটি দ্য ফান্দাকাও গিতুলো ভারগোস এর সহযোগিতায় ৩য় আন্তর্জাতিক প্রো বোনো সেমিনারের আয়োজন করে। এটা ছিল আইনজীবীদের ৩য় আন্তর্জাতিক প্রো বোনো বৈঠক। উল্লেখ্য, ২০০১ সালে আর্জেন্টিনায় ১ম এবং ২০০২ সালে চিলিতে ২য় সেমিনার অনুষ্ঠিত হয়।

৩টি সেমিনারই সাইরাস ভ্যান্স সেন্টারের আনুষ্ঠানিক সমর্থন লাভ করে, যা নিরবিচ্ছিন্নভাবে দক্ষিণ আমেরিকার সংগঠনগুলোকে যুক্তরাষ্ট্রের আইন প্রতিষ্ঠান এবং প্রো বোনো সংস্থাসমূহের সাথে যোগাযোগে সাহায্য করেছে। এ সেমিনারগুলো ব্রাজিলের আইপিবি এবং চিলির ফান্দাসিয়ন প্রো বোনোর জন্য বয়ে এনেছে বিশ্বাসযোগ্যতা ও জনপ্রিয়তা । যুক্তরাষ্ট্রের আইন প্রতিষ্ঠান এবং অ-লাভজনক সংস্থাগুলোর অংশগ্রহণ স্থানীয় বার এ্যাসোসিয়েশান এবং আইন প্রতিষ্ঠানের সাথে জোরদার আলোচনার পথে গুরুত্বহ ভূমিকা পালন করে।

এ সম্মেলনের কয়েকটি দিক সম্বন্ধে বিস্তারিত কিছু বলা দরকার, কেননা সেখানে এমন কয়েকটি বিষয় রয়েছে যা প্রো বোনোর পক্ষে আইন সমাজের ঐকমত্য অর্জনে যথেষ্ট গুরুত্ব রাখে।

**আমরা সম্মেলনের সমর্থনে অত্যন্ত আস্থাভাজন নেটওয়ার্ক গড়ে তুলেছিলাম।** সাও পাউলু আইন প্রতিষ্ঠানসমূহ ছাড়াও যে সব প্রতিষ্ঠান এ সম্মেলনকে সমর্থন করে ঃ

- ❑ ব্রিটিশ কাউন্সিল সাও পাউলু
- ❑ সেন্ত্রো দ্য এসতুদোস্ দাস্ সোসিদাদেস্ দ্য এ্যাদভোগাদোস
- ❑ কানেকতাস হিউম্যান রাইটস এ্যান্ড সুর ( হিউম্যান রাইটস ইউনিভার্সিটি নেটওয়ার্ক)
- ❑ ডিপিজেড প্রোপাগান্ডা ( বিপনন / বিজ্ঞাপন ফার্ম)
- ❑ পন্তিফিসিয়া ইউনিভার্সিদেদ ক্যাটোলিকা ল স্কুল

- ❑ সাও পাউলু ল'ইয়ারস ইনস্টিটিউট
- ❑ ফোর্ড ফাউন্ডেশান
- ❑ ইউনাইটেড নেশানস্ ফাউন্ডেশান
- ❑ ইউনিভার্সিদেদ্ দ্য সাও পাউলু ল স্কুল
- ❑ ইউ. এস. কনস্যুলেট জেনারেল সাও পাউলু

এসব প্রতিষ্ঠানের সমর্থন সম্মেলন সম্পর্কে ব্রাজিলের আইন সমাজে বিরাট আস্থা গড়ে তোলে।


আমরা প্রো বোনো সম্পর্কে অভিজ্ঞ আন্তর্জাতিক অতিথিদের সাথে স্থানীয় আইন প্রতিষ্ঠান সমূহের যোগাযোগের সুযোগ সৃষ্টি করি। আনুষ্ঠানিকভাবে সম্মেলন শুরুর আগে আমরা কিছু স্পনসরকারী ল ফার্মকে বিদেশী প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানাতে প্রাক-বৈঠকের আয়োজন করতে বলি। এ উদ্দেশ্যে সাও পাউলু ল'ইয়ারস্ এ্যাসোসিয়েশান বিদেশী প্রতিনিধিবৃন্দ এবং ব্রাজিলের কিছু এনজিওর সাথে বিশেষ আগাম বৈঠক করে।

আন্তর্জাতিক অতিথিদের এ বিরাট সমাবেশ প্রো বোনো ধারণাকে বাস্তবিকই শক্তি যোগায়। ব্রাজিল, যুক্তরাষ্ট্র, আর্জেন্টিনা, চিলি, দক্ষিণ আফ্রিকা, মেক্সিকো, যুক্তরাজ্য এবং হাঙ্গেরী থেকে বক্তাবৃন্দ এ সমাবেশে যোগ দেন। অতিথিদের মধ্যে ছিলেন নিউ ইয়র্ক বার এ্যাসোসিয়েশান প্রেসিডেন্ট, প্রধান প্রধান আইন বিদ্যালয়সমূহের ডিন এবং অন্যান্য আন্তর্জাতিক প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ।

প্রো বোনো ধারণা সম্পর্কে অবহিত করতে আমরা কিছু প্রায়োগিক বৈঠকের আয়োজন করি।
আইন প্রতিষ্ঠান এবং কোম্পানীতে প্রো বোনো উদ্যোগ প্রক্রিয়া, প্রো বোনো ও এথিক্স (নীতিগত বিষয়), প্রো বোনো ও জন স্বার্থ আইন, লিগ্যাল ক্লিনিক ও প্রো বোনো ইত্যাদি বিষয়গুলো আলোচনার অন্তর্ভূক্ত করা হয়।

এ সেমিনার স্বেচ্ছাসেবী আইনজীবী ও আইন প্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধিতে সহায়ক হয় এবং প্রো বোনো কার্যক্রমের ফলপ্রসূতাকে বাড়িয়ে তোলে। অনুষ্ঠানে জাতীয় বার এ্যাসোসিয়েশান প্রো বোনো কার্যক্রম পরিচালনায় আইন সংক্রান্ত বাধা হ্রাসের ঘোষণা দেয়। পক্ষান্তরে ফেডারেল বার এ্যাসোসিয়েশান প্রো বোনো কার্যক্রম সমগ্র দেশ এবং ব্যক্তি পর্যায়ে বৈধকরণের আশ্বাস প্রদান করে।

পাশাপাশি যুক্তরাষ্ট্রের নেতৃস্থানীয় আইন প্রতিষ্ঠানের অংশগ্রহণ ব্রাজিলের আইনজীবীদেরকে ঐ দেশের বড় বড় আইন প্রতিষ্ঠানে প্রো বোনো সংস্কৃতিকে গোথিত করতে উৎসাহিত করে।




**ইনস্তিতিউতো প্রো বোনো বিকাশ চিত্র**

## উপসংহার

আইন একটি দেশের গুরুত্বপূর্ণ নীতিগত ও নৈতিক মূল্যবোধকে সংরক্ষণ করে, যদিও তা মাঝেমধ্যে অবিচারেরও কারণ হতে পারে। আইন পেশাকে সামাজিক বিষয়ের সাথে সঙ্গতিপূর্ণ করতে 'প্রো বোনো' সমাজের সাধারণ স্বার্থ সংশ্লিষ্ট বিষয় সুরক্ষায় পেশাজীবী, আইন প্রতিষ্ঠান এবং নাগরিক সমাজ সংগঠনের মাঝে একতা ও স্বতস্ফূর্ত অংশগ্রহণ গড়ে তুলতে পারে। প্রো বোনো আলোচনায় আইনজীবীদের অংশগ্রহণ জরুরী। যে কেউ আইপিবির মত সংগঠন গড়ে তুলতে চায়, অবশ্যই তাকে সামাজিক ন্যায়বিচার উন্নয়ন ও  বাস্তবায়নে প্রো বোনো কর্মকান্ড কিভাবে সহায়তা করতে পারে তা বুঝতে হবে।

একটি প্রো বোনো সংগঠন এনজিও ও ব্যক্তি পর্যায়ে দ্রুতগতিতে আইন পরিসেবা ও সুবিচারের  সুযোগ বাড়িয়ে দিতে পারে। জনসাধারণ ও সংগঠনসমূহ যারা এ সাহায্যের প্রত্যাশী এবং বিশ্বব্যাপী আইনজীবীবৃন্দ যারা এ সহায়তা দিতে ইচ্ছুক, এমনই এক কাঠামোর প্রত্যাশা করেন, যা স্বেচ্ছাসেবক ও মক্কেলদেরকে একত্রিত করতে পারে।

তবে প্রো বোনো আসলে তার থেকেও বেশি কিছু। প্রো বোনো প্রকৃত অর্থে নতুন এথিক্সের মাধ্যমে নতুন অঙ্গীকারকে প্রতিস্থাপিত করে। একবার এ মনোভাব গড়ে উঠলে যারা কোনদিন স্বেচ্ছাশ্রম দেয়ায় উৎসাহ দেখায়নি তারাও স্বেচ্ছাশ্রমে এগিয়ে আসতে উদ্বুদ্ধ হবে। আইন প্রতিষ্ঠানগুলো স্বতস্ফূর্ত এ অংশগ্রহণে সমর্থন ও উৎসাহ যোগাতে পারে। বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য সামাজিক সংগঠন এ উদ্যেগকে আরও এগিয়ে নিয়ে যেতে পারে। তবেই আরও অধিক সংখ্যক লোকের জন্য সৃষ্টি হবে ন্যায়বিচারের সুযোগ।

**পরিশিষ্ট ১**
**প্রো বোনো রেজ্যুলুশান**

১৯শে আগস্ট ২০০২ সালে দ্য সাও পাউলু চ্যাপ্টার অবদি ব্রাজিলিয়ান বার এ্যাসোসিয়েশান সর্বসম্মত ভাবে নিম্নোক্ত ধারা অনুযায়ী 'প্রো বোনো আইন সহায়তা ' কর্মকান্ড সম্পাদনের সিদ্ধান্ত গ্রহণ করে ঃ

ধারা ১: প্রো বোনো কার্যক্রমের আওতায় রয়েছে আইন সহায়তা এবং পরামর্শ ও বিচার সংক্রান্ত কর্মকান্ড।

সোল অনুচ্ছেদ - বেনিফিশিয়ারীদের মামলা ফি সংক্রান্ত ক্ষতি হলে আইনজীবী ও আইন প্রতিষ্ঠান স্বেচ্ছা শ্রমভিত্তিক অনুদানের মাধ্যমে তা পুষিয়ে দেবে।

ধারা ২: ৩য় খাতের অলাভজনক আইনী প্রতিষ্ঠান যারা কার্যপ্রণালীগত, বিচারসংক্রান্ত বা বিচার বহির্ভূত কর্মকান্ডে অর্থ যোগাতে অক্ষম বলে প্রমাণিত তারাই প্রো বোনো বেনিফিশিয়ারী বলে গণ্য হবে।

ধারা ৩: ধারা ২ এ উল্লিখিত প্রো বোনো কার্যক্রমে জড়িত আইনজীবী বা আইনপ্রতিষ্ঠান ২ বছরের জন্য বেনিফিশিয়ারীদের সাথে সম্পর্কিত অন্য কোন কোম্পানী বা প্রতিষ্টানকে কোন রকম আইনী পরিসেবা প্রদান করতে পারবে না। এ নিষেধাজ্ঞা ঐ সব ব্যক্তিবর্গের জন্যও প্রযোজ্য যারা এ ধরণের কোম্পানীর সাথে কর্মকর্তা, সিদ্ধান্ত গ্রহণ কাউন্সিলের সদস্য, অংশীদার বা সহযোগী হিসাবে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত। পাশাপাশি ব্যক্তিখাতের অর্থনৈতিক গোষ্ঠী, মিশ্রিত মূলধন নির্ভর কোম্পানী বা প্রতিষ্ঠানও এ নিষেধজ্ঞার আওতায় পড়বে।

সোল অনুচেছদ - ধারার প্রধান অংশে উল্লিখিত প্রো বোনো আইনজীবী ও আইন প্রতিষ্ঠান সহ বাইরে থেকে আনা আইনজীবী এবং সেবা সরবরাহকারীদের জন্যও এ নিষেধাজ্ঞা বর্তাবে।

ধারা ৪: প্রো বোনো কার্যক্রমে আগ্রহী আইনজীবী বা আইন প্রতিষ্ঠান 'এথিক্স এ্যান্ড ডিসিপ্লিন বিভাগ'কে তাদের আগ্রহের কথা জানাবে এবং নিম্নোবর্ণিত তথ্য সহ ষান্মাষিক রিপোর্ট প্রদান করবে : বেনিফিশিয়ারী প্রতিষ্ঠানের নাম, কাজের ধরণ এবং শুরু ও সমাপ্তির তারিখ।

সোল অনুচ্ছেদ – এথিক্স এ্যান্ড ডিসিপ্লিন প্যানেল এ রিপোর্ট নথিবদ্ধ করতে পারে অথবা আরও ব্যাখ্যা দাবী করতে পারে। এ ব্যাখ্যা নির্ধারিত সময়ের পরে হলেও আইনজীবী বা আইন প্রতিষ্ঠান সরবরাহ করবে।

ধারা ৫: এ রেজ্যুলুশনে উল্লিখিত ধারা সমূহ সম্পর্কে বেনিফিশিয়ারীদের পূর্ব ধারণা ও সম্মতি থাকতে হবে।

ধারা ৬: ব্রাজিল বার এ্যাসোসিয়েশান এ্যান্ড এ্যাডভোকেসী সনদ, দি ব্রাজিলিয়ান বার এ্যাসোসিয়েশান কোড অব এথিক্স এ্যান্ড ডিসিপ্লিন এবং প্রচারণা ও বিজ্ঞাপনে সংশ্লিষ্ট অন্যান্য রেজ্যুলুশনের বিধিমালা প্রো বোনো কার্যক্রমের আওতায় পড়বে।

সেশান হল, আগস্ট ১৯, ২০০২

কার্লোস মিগুয়েল সি আইদার
প্রেসিডেন্ট